তারিখ ...12 MAY 2016...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৬...

দৈনিক
ইত্তেফাক

# পাসের হারে মেয়েরা এগিয়ে জিপিএ-৫ এ ছেলেরা

■ ইত্তেফাক রিপোর্ট

আটটি সাধারণ শিক্ষা বোর্ডসহ মাদ্রাসা, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৬ সালের এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় পাসের হারে মেয়েরা এগিয়ে রয়েছে। তবে জিপিএ-৫ পাওয়ার দিক থেকে এগিয়ে আছে ছেলেরা।

এবারে গড় পাসের হার ৮৮ দশমিক ২৯ শতাংশ। এর মধ্যে মেয়েদের পাসের হার ৮৮ দশমিক ৩৯ শতাংশ। আর ছেলেদের পাসের হার ৮৮ দশমিক ২০ শতাংশ। অর্থাৎ ছেলেদের চেয়ে দশমিক ১৯ শতাংশ এগিয়ে রয়েছে মেয়েরা।

এবার মোট জিপিএ ৫ পেয়েছে ১ লাখ ৯ হাজার ৭৬১ জন। এদের মধ্যে ছেলে ৫৭ হাজার ৭২৭ জন। আর মেয়ে রয়েছে ৫২ হাজার ৩৪ জন।

১০টি শিক্ষা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ছিল ১৬ লাখ ৫২ হাজার ৮৫৭ জন। এদের মধ্যে ছাত্র ছিল ৮ লাখ ৪৩ হাজার ৯০৫ জন। ছাত্রী ছিল ৮ লাখ ৮ ?হাজার ৯০৭ জন। সারা দেশে ১০টি শিক্ষা বোর্ডে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ১৪ লাখ ৫২ হাজার ৬০৫ জন। এদের মধ্যে ছাত্রের সংখ্যা ৭ লাখ ৪১ হাজার ৭৯৭ জন। ছাত্রীর সংখ্যা ৭ লাখ ১০ হাজার ৮০৮ জন।

ঢাকা শিক্ষা বোর্ডে পাস করেছে ৩ লাখ ৬৪ হাজার ২৪৮ জন। এদের মধ্যে ছাত্র ১ লাখ ৮ হাজার ৫৮ জন। ছাত্রী ১ লাখ ৮৪ হাজার ১৯০ জন। ছাত্রদের পাসের হার ৮৮ দশমিক ২৪ শতাংশ আর ছাত্রীদের পাসের হার ৮৯ দশমিক ০৮ শতাংশ।

রাজশাহী শিক্ষা বোর্ডে পাস করেছে ১ লাখ ৪৫ হাজার ৫১৮ জন। এদের মধ্যে ছাত্রের সংখ্যা ৭৬ হাজার ৮৯ জন আর ছাত্রীর সংখ্যা ৬৯ হাজার ৪২৯ জন। ছাত্রীদের পাসের হার ৯৫ দশমিক ৮৭ শতাংশ। ছাত্রদের পাসের হার ৯৫ দশমিক ৫৫ শতাংশ।

কুমিল্লা শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৮২ দশমিক ৯৫ শতাংশ?। ছেলেদের পাসের হার ৮৫ দশমিক ২৩ শতাংশ। যশোর শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৯২ দশমিক ৩২ শতাংশ আর ছেলেদের পাসের হার ৯১ দশমিক ৪০ শতাংশ।

চট্টগ্রাম বোর্ডে মেয়েদের পাসের হার ৮৯ দশমিক ৯৯ শতাংশ। ছেলেদের পাসের হার ৯০ দশমিক ৯৭ শতাংশ। বরিশাল বোর্ডে মেয়েদের পাসের হার ৮০ দশমিক ০৮ শতাংশ আর ছেলেদের পাসের হার ৭৮ দশমিক ৭৫ শতাংশ। সিলেট শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৮৩ দশমিক ৯৫ শতাংশ। আর ছেলেদের পাসের হার ৮৫ দশমিক ৭৯ শতাংশ।

দিনাজপুর শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৮৯ দশমিক ৯৫ শতাংশ। ছেলেদের পাসের হার ৮৯ দশমিক ২৫ শতাংশ। মাদ্রাসা শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৮৭ দশমিক ৩৯ শতাংশ। আর ছাত্রদের পাসের হার ৮৮ দশমিক ৯১ শতাংশ। কারিগরি শিক্ষা বোর্ডে মেয়েদের পাসের হার ৮৬ দশমিক ২৬ শতাংশ। ছাত্রদের পাসের হার ৮২ দশমিক ০৩ শতাংশ।